# Sanatan Dharma

---

**বেদোক্ত শান্তিমন্ত্রঃ**

ওঁ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে ।
পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে ।
ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ।। ১
শুক্ল যজুর্বেদীয় (বৃ ৫/১/১)

ওঁ সহ নাববতু, সহ নৌ ভুনক্তু, সহ বীর্যং করবাবহৈ।
তেজস্বি নাবধীমস্তু, মা বিদ্বিষাবহৈ ।।
ওঁ শান্তিঃ, শান্তিঃ শান্তিঃ ।। ২
কৃষ্ণ যজুর্বেদীয় (তৈঃ উঃ ২/১)

অর্থ :- সূক্ষ্ম জগৎ এবং ইহ জগৎ উভয়েই পর ব্রহ্ম দ্বারা পূর্ণ ; পূর্ণ হতে পূর্ণ উদ্গত হন ; পূর্ণের পূর্ণত্ব গ্রহণ করলে পূর্ণই (পরব্রহ্মই) অবশিষ্ট থাকে । আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক ত্রিবিধ বিঘ্নের শান্তি হউক । ১

পরব্রহ্ম (গুরু ও শিষ্য) আমাদের উভয়কে সমভাবে রক্ষা করুন ; উভয়কে তুল্যভাবে বিদ্যাফল দান করুন ।
উভয়কে সমভাবে বিদ্যার্জনের সামর্থ্য প্রদান করুন । আমাদের অধীত বিদ্যা যেন সফল হয় আর আমরা যেন পরস্পরকে বিদ্বেষ না করি । ত্রিবিধ বিঘ্নের শান্তি হউক । ২